



এমন একদিন

হাবিব বালাপাড়

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

ভাষান্তর : সুচেতন মিত্র

ব্যাপারটা আচমকা ঘটেনি তা বলে। সে বরাবরই জানতো একদিন তাকে অবসর নিতে হবে। সব কর্মচারীরই এটা ভবিতব্য। কমবয়সীরা কথাটা শুনে বিরক্ত হতে পারে। কিন্তু তাদের জানা উচিত, ব্যাপারটাকে কিছুতে এড়ানো যায় না।

কোথাও কোন সন্দেহের অবকাশ না রেখেই সুখদেবন পিল্লাই, যে কিনা ছ'ফুট উচ্চতার সুদেহী পুষ, টানা দু'দশক ধরে যে প্রথম শ্রেণীর অফিসার হিসাবে দাপিয়ে বেড়িয়েছে, ফেয়ারওয়েল পার্টিতে উপস্থিত হল। পার্টির আয়োজন করেছিল তার সহকর্মীরা। ওরা যেভাবে তার উদ্দেশে প্রশংসার ফুলঝুরি ছোঁটাচ্ছিল তাতে সে অবাক হয় নি। সে তো আশাই করেছিল এসব।

অনুষ্ঠান-শেষে তার সহকর্মীরা তাকে গাড়ি অবধি এগিয়ে দেয়। চিরকালের অভ্যাস মতো ড্রাইভার গাড়ির দরজা খুলে দাঁড়িয়ে থাকে। সুখদেবন পিল্লাই গাড়িতে ঢোকারে সহকর্মীদের অকৃপণভাবে দেওয়া অসংখ্য ফুলের তোড়া ও মালায় ভারাত্রান্ত অবস্থায়। তাকে বাড়ি পৌঁছে দেবার দায়িত্ব পেয়ে তার দুই সহকর্মীও ঢুকলো গাড়িতে। গাড়ি দ্রুত গতিতে এগোয় পিল্লাইয়ের বাড়ির দিকে।

বাড়ির দোরগোড়ায় দাঁড়িয়েছিল পিল্লাইয়ের বৌ ও বড় ছেলে। ড্রাইভার ও পিল্লাইয়ের সহকর্মী দুজন নামে প্রথমে। তারপর তার মনিবের জন্য দরজা খুলে ড্রাইভার নিজে চোখকে যেন ঝাঁস করতে পারে না। অনেক চেষ্টাতেও সে আর পারলো না হাসি চাপতে। কি হয়েছে দেখতে গিয়ে পিল্লাইয়ের সহকর্মীরাও হেসে ফেলল।

পিল্লাই তখনও গাড়িতে বসে। কিন্তু এ যে গুটিয়ে একেবারে ছোট হয়ে যাওয়া সুখদেবন পিল্লাই। কণ চাউনিতে সে দেখছিল সবাইকে। এককাল রাজত্ব করে আসা ছ'ফুট উচ্চতার বলিষ্ঠ মানুষটা এখন মাত্র দু'ফুট উচ্চতার বামন।

ড্রাইভার বিনীত ভঙ্গীতে ফুলের তোড়া ও মালা তুলে দেয় পিল্লাইয়ের ছেলের হাতে।

— 'ও কোথায়?' মিসেস পিল্লাই জানতে চান।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com